

📖 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ শয়ন ও নিদ্রার আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

সূরা পড়ে ফুঁ দেওয়া

দুই হাত একত্রিত করে তাতে ফুঁ দিয়ে, সূরা ইখলাস, ফালাক ও নাস পড়ে যথাসম্ভব সারা দেহে বুলিয়ে নিন।
এমনটি ৩ বার করতে হয়।[1]

অবশিষ্ট আরো দু'আ 'দু'আ ও জিকির' পুস্তিকায় দেখে নিন।

এই হল ঘর বন্ধ করার আসল পদ্ধতি। অন্যথা ভাড়াটিয়া ওঝা এনে কয়েক ঘন্টার মত কুরআন অথবা মন্ত্র পড়ে ঘরের চার কোণে শিকী মাটির ভাঁড় পুঁতে, বাঁশের ডগায় আয়না বেঁধে, দরজায় দরজায় শিকী তাবীয চিটিয়ে ঘর বন্ধ হয় না। বরং তাতে শয়তানের জন্য যাতায়াতের দরজা বেশী করে খোলা যায়।

প্রকাশ থাকে যে, রাতে সূরা ওয়াক্বিআহ পাঠ করার বা তা পাঠ করলে উপোস বা অভাব স্পর্শ না করার হাদীস সহীহ নয়।

ফুটনোট

[1]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৫০১৭, মুসলিম ৪/১৭২৩

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=8070>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন